



# গাড়ি বের করার রাস্তা সংক্রান্ত নিরাপত্তা

গাড়ি বের করার রাস্তায় চাপা পড়ার হাত থেকে বাঁচা যায়



অস্ট্রেলিয়ায় প্রতি সপ্তাহে অনিচ্ছাকৃতভাবে তিনটি শিশু গাড়ি চাপা পড়ে - বেশিরভাগ ক্ষেত্রেই তাদের বাড়ির গাড়ি বের করার রাস্তায়।

গাড়ি পিছন দিকে যাবার এই ঘটনাগুলিতে বেশিরভাগ ক্ষেত্রে ফোর-হইল ড্রাইভ বা SUV গাড়িগুলি যুক্ত থাকলেও, অনেক জনপ্রিয় পারিবারিক সেডান গাড়িগুলিতেও এই ঘটনা ঘটে।



সব গাড়িরই  
চোখে না পড়ার মতো  
জায়গা (blind spots)  
থাকে, যা 15 মিটার  
অবধি দীর্ঘ হতে  
পারে।

গাড়ি বের করার রাস্তায় আঘাত লাগার বা মৃত্যু হবার ঝুঁকি শিশুদের অত্যন্ত বেশি থাকে।

- ! কমবয়সী শিশুরা স্বভাবতই কৌতুহলী, আশ্চর্যজনকভাবে ক্ষিপ্ত হয় এবং কোন সতর্কতা ছাড়াই গাড়ি চলাচলের রাস্তার মধ্যে এসে পড়তে পারে।
- ! বিদায় জানিয়ে গাড়ি চালু করার জন্য চালকের যতটা সময় লাগে, তার মধ্যে একটি শিশু গাড়ি বের করার জায়গায় এসে গাড়ির রাস্তায় এসে পড়তে পারে।
- ! 'চোখে না পড়ার জায়গা'-র জন্য গাড়ির মধ্যে থেকে ছোট শিশুকে দেখতে পাওয়া অসম্ভব, বিশেষকরে সে যদি গাড়ির ঠিক পিছনেই থাকে।



গাড়ির রাস্তায় চাপা পড়ার হাত থেকে বাঁচাতে নিচের নিরাপত্তা পদক্ষেপগুলি অনুসরণ করুন

## নজর রাখুন:

- সবসময় আপনার শিশুকে নজরে রাখুন।
- গাড়ির কাছাকাছি থাকলে তাদের হাত ধরে থাকুন বা নিজের কাছে রাখুন যাতে নিরাপদে থাকে।
- আপনাকে যদি গাড়ি চালিয়ে নিয়ে যেতে হয় এবং আপনি ছাড়া যদি আর কোন প্রাপ্তবয়স্ক ব্যক্তি কাছাকাছি না থাকে, তাহলে গাড়ি চালানোর সময় আপনার শিশুকে সাবধানে গাড়ির ভিতরে বসিয়ে নিন।



## আলাদা করুন:

- আপনার শিশুদের গাড়ি বের করার রাস্তায় খেলা করতে দেবেন না।
- গাড়ি বের করার রাস্তায় বেড়া দিয়ে আপনার শিশুদের খেলার জায়গা থেকে এই জায়গাটিকে আলাদা করুন।
- নিরাপত্তা দ্বার, বেড়া বা দরজা লাগিয়ে আপনার বাড়ি থেকে গাড়ির বের করার রাস্তায় বাচ্চাদের চলে আসার বিষয়টিকে অসহজগম্য করে তুলুন।



## দেখুন:

- গাড়ি চালানো শুরু করার আগে সবসময় তার চারপাশটা দেখে নিন।
- পার্কিং সেন্সর বা পিছনে দেখার ক্যামেরাগুলির উপর ভরসা করবেন না, যদি আপনার গাড়িতে তা লাগানো থাকে। একটি ছোট্ট শিশু যতক্ষণে আপনার নজরে আসবে ততক্ষণে গাড়ি থামানোয় অনেক দেরি হয়ে যেতে পারে।
- একটি নিরাপদ স্থান থেকে বিদায়বার্তা জানান - গাড়ি বের করার রাস্তা থেকে নয়।

